

# ইনোভেশন ইন কেমিক্যাল এডুকেশন শীর্ষক আলোচনা

আগরতলা

১৩ নভেম্বর : সম্প্রতি কৈলাসহর পুর পরিষদ এবং শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে উনকোটি জেলার কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্র প্রেক্ষাগৃহে এক শিক্ষামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনাচক্রের বিষয় ছিল 'ইনোভেশন ইন কেমিক্যাল এডুকেশন'। আলোচনাচক্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাধারঘাটস্থিত রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান ড: অরিজিৎ দাস। অনুষ্ঠানে ড: দাসের আবিষ্কৃত রসায়নের সহজ শিক্ষাদান পদ্ধতি ও সূত্রগুলি দ্বারা কৈলাসহরের বিভিন্ন বিদ্যালয় থেকে আসা টিবিএসই এবং সিবিএসই বোর্ডের পড়ুয়াদের সামনে রসায়নকে আরও সহজবোধ্যভাবে উপস্থাপন করেন। পাশাপাশি ড: দাস পড়ুয়াদের বিভিন্ন প্রতিযোগিতামূলক যেমন এনইইটি জেইই মেইনস ও অ্যাডভান্স এবং এসটিপিজিটি-র প্রশ্নপত্র সমাধান করে দেন। ওইদিনের শিক্ষামূলক আলোচনাচক্র অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের কাউন্সিলার নীতীশ দে, জেলা শিক্ষা আধিকারিক শ্যামল দাস, অবসরপ্রাপ্ত শিক্ষক প্রদীপ পাল, কৈলাসহর পুর পরিষদের টাউন সুপারভাইজার সজল দেব প্রমুখ। শিক্ষামূলক আলোচনাচক্র অনুষ্ঠানে ভারত সরকার সদ্য স্বীকৃতিপ্রাপ্ত ড: দাসের আবিষ্কৃত রসায়নের ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি সূত্রের স্বীকৃতিপত্রটি কৈলাসহর পুর পরিষদের কাউন্সিলার নীতীশ দে-র হাতে তুলে দেন ড: দাস। উল্লেখ্য, গত সাত আগষ্ট ভারত সরকারের কপি রাইট দপ্তর আগরতলা ড: অরিজিৎ দাসের আবিষ্কৃত রসায়নের ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি সূত্রকে মান্যতা দিয়েছে।